



নং- ধবিম/হ:শা:/৪-৪১৪/২০১৩-১৬

তারিখ: ৩০ পৌষ ১৪২৭ বঙ্গাব্দ  
১৪ জানুয়ারি ২০২১ খ্রিস্টাব্দ

প্রজ্ঞাপন

যেহেতু আপনি ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের অনুমোদিত বেসরকারি ব্যবস্থাপনায় হজ পরিচালনাকারী হিসেবে দারুস সালাম ট্রাভেলস এন্ড টুরস (হজ লাইসেন্স নং-৯২৭), রহমানিয়া কমপ্লেক্স, রুম নং-৪ (৯ম তলা), ২৮/এ/এ, টয়েনবি সার্কুলার রোড, মতিঝিল, ঢাকা এর স্বত্বাধিকারী হিসেবে দায়িত্ব পালন করেছেন; এবং

০২। যেহেতু আপনি বেসরকারি ব্যবস্থাপনায় হজ যাত্রী প্রেরণের বিষয়ে ধর্ম বিষয়ক মন্ত্রণালয় বরাবর জাতীয় হজ ও ওমরাহ নীতি-২০১৯ এ বর্ণিত শর্তাদি পালনে অঙ্গীকারাবদ্ধ ছিলেন; এবং

০৩। যেহেতু আপনার এজেন্সির বিরুদ্ধে জনাব মোয়াজ্জেম হোসাইন, প্রাক্তন নির্বাহী পরিচালক এবং হিসাব নিয়ন্ত্রক, জিআইসি বিনিয়োগ গ্রুপ, নুট্রা, টরন্টো, কানাডা (ফোন: ০০১-৬৪৭-২৮৫-৪৩৯৩) নিম্নরূপ অভিযোগ দাখিল করেন:

“মসজিদুল হারাম এর ১০০ গজ এর মধ্যে রাখার কথা থাকলেও আধা মাইল দূরে রেখেছে, খাবার সরবরাহ বন্ধ করে দেয়া হয় এবং প্রতিশ্রুতি মোতাবেক অর্থ প্রদান করেনি, হোটলে লাগেজ বহনের জন্য কোন অর্থ প্রদান করেনি, হজ পালনে দেখা শূনা করা হয়নি এবং হোটেল কক্ষের জন্য বেশি টাকা নেয়া হয়েছে। তাছাড়া অমানবিক ও সীমাহীন কষ্ট, খারাপ আচরণ এবং প্রতারণা করেছেন।” এবং

০৪। যেহেতু আপনার এজেন্সির বিরুদ্ধে উত্থাপিত অভিযোগটি তদন্ত কমিটি তদন্ত করেছে এবং তদন্ত প্রতিবেদনে শাস্তির সুপারিশ করেছে; এবং

০৫। যেহেতু ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের গত ২২.১০.২০২০ খ্রি. তারিখে ধবিম/হ:শা:/৪-৪১৪/২০১৩-৩৮৫ নং স্মারক মূলে আপনার মালিকানাধীন এজেন্সির বিরুদ্ধে কেন শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে না তার জবাব ০৭ (সাত) দিনের মধ্যে জানানোর জন্য কারণ দর্শানোর নোটিশ প্রদান করা হয়; এবং


০৬। যেহেতু আপনি কারণ দর্শানোর নোটিশের জবাব প্রদান করেছেন এবং আপনি আপনার স্বপক্ষে যুক্তি উপস্থাপন করেছেন যা যথাযথ সন্তোষজনক বিবেচিত হয়নি; এবং

০৭। যেহেতু উল্লিখিত কারণে আপনার এজেন্সির বিরুদ্ধে জাতীয় হজ ও ওমরাহ নীতি ২০১৯ এর ২৪.১ এ বর্ণিত শাস্তির কারণসমূহ বিদ্যমান রয়েছে;

০৮। সেহেতু তদন্ত কমিটির সুপারিশের আলোকে জাতীয় হজ ও ওমরাহ নীতি-২০১৯ এর ২৪.২ অনুযায়ী আপনার পরিচালিত দারুস সালাম ট্রাভেলস এন্ড টুরস (হজ লাইসেন্স নং-৯২৭) এর হজ লাইসেন্সের কার্যক্রম এক বছরের (২০২০) জন্য স্থগিত এবং ৫,০০,০০০/- (পাঁচ লক্ষ) টাকা জরিমানা করা হলো।

০৯। জরিমানাকৃত অর্থ অনতিবিলম্বে ট্রেজারি চালানের মাধ্যমে কোড নং-১-৩৫০১-০০০১-১৯০১ এ জমাদানপূর্বক চালানের মূল কপি এ মন্ত্রণালয়ে দাখিল করার জন্য বলা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

  
১৪.০১.২০২১


আবুল কাশেম মুহাম্মদ শাহীন  
সিনিয়র সহকারী সচিব

ফোন: ৯৫৮৪৩২২

e-mail: morahajsection@gmail.com

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা /প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
২. সচিব, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. পরিচালক, হজ অফিস, বিমানবন্দর, ঢাকা।
৪. কাউন্সেলর (হজ), বাংলাদেশ হজ অফিস, জেদ্দা, সৌদি আরব।
৫. উপপরিচালক, বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (তাকে প্রজ্ঞাপনটি বাংলাদেশ গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশের অনুরোধসহ)।
৬. প্রতিমন্ত্রীর একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য)।
৭. সচিবের একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৮. সিস্টেম এনালিস্ট, আইসিটি শাখা, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ([www.mora.gov.bd](http://www.mora.gov.bd) ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
৯. অতিরিক্ত সচিব (হজ) এর ব্যক্তিগত কর্মকর্তা, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (অতিরিক্ত সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১০. সভাপতি/মহাসচিব, হজ এজেন্সিজ এসোসিয়েশন অব বাংলাদেশ (হাব), সান্তারা সেন্টার, নয়াপল্টন, ঢাকা।
১১. ব্যবস্থাপনা পরিচালক, বিজনেস অটোমেশন লিমিটেড, ১২ কাওরান বাজার, ঢাকা ([www.hajj.gov.bd](http://www.hajj.gov.bd) ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
১২. জনাব মোঃ খালেদ সাইফুল্লাহ, স্বত্বাধিকারী/ব্যবস্থাপনা পরিচালক, দাবুস সালাম ট্রাভেলস এন্ড টুরস (হজ লাইসেন্স নং-৯২৭), রহমানিয়া কমপ্লেক্স, রুম নং-৪ (৯ম তলা), ২৮/এ/এ, টয়েনবি সার্কুলার রোড, মতিঝিল, ঢাকা।
১৩. অফিস কপি।

  
১৪.০১.২০২১

আবুল কাশেম মুহাম্মদ শাহীন  
সিনিয়র সহকারী সচিব